



উখিয়া (কক্সবাজার): উত্তর পুকুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি টিউবয়েল থাকলেও সেটাতে পানি উঠেছে না

—ইত্তেফাক

## উখিয়ায় অর্ধ শতাব্দিক বিদ্যালয়ে খাবার পানি সংকট

### ■ উখিয়া (কক্সবাজার) সংবাদদাতা

টিউবওয়েল থাকলেও পানি না ওঠার কারণে উখিয়ার অর্ধ শতাব্দিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সুপেয় পানি সংকট দেখা দিয়েছে। যত দ্রুত সম্ভব এসব শিক্ষা প্রতিষ্ঠানের খাবার পানি সমস্যা দূরীকরণে এলাকাবাসী স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলার পাঁচটি ইউনিয়নে ৭৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ৩০টি বিদ্যালয়ে স্থাপন করা গভীর নলকূপে পানি সরবরাহ থাকলেও প্রায় ৪৪টি প্রাথমিক বিদ্যালয়ে রয়েছে অগভীর নলকূপ। যেসব নলকূপ বিভিন্ন কারণে অকাজে হয়ে পড়ায় পানি সরবরাহ হচ্ছে না। ফলে এসব স্কুলের ছাত্র-ছাত্রীদের পানির পিপাসা মেটাতে হচ্ছে পার্শ্ববর্তী গ্রামের বাসাবাড়িতে গিয়ে এমন অভিযোগ

ছাত্র-ছাত্রীদের।

উপজেলার রাজাপালাং ইউনিয়নের উত্তর পুকুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. হেলাল উদ্দিন জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিয়োগ করা ঠিকাদার প্রায় দু'বছর আগে অগভীর নলকূপটি স্থাপন করার পরদিন থেকে পানি উঠেছে না।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি সাবেক ইউপি সদস্য মহিউদ্দিন মেসার জানান, স্কুলের টিউবওয়েলটি সংস্কারের জন্য শিক্ষা অফিসে বেশ কয়েকবার জানানো হলেও কোনো কাজ হয়নি। যে কারণে বিদ্যালয়ের ৪ শতাব্দিক শিক্ষার্থী খাবার পানি সংকটে ভুগছে। এ ব্যাপারে কথা বলার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. শামীম ভূঁইয়ার মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করেও তাকে পাওয়া যায়নি।